

# কালের কর্ত্তা

আপডেট : ১৩ মার্চ, ২০১৮ ২৩:৩০

রাবির সমাবর্তন আবারও স্থগিত



এবার শিক্ষামন্ত্রীর অসুস্থতার কারণে ২৪ মার্চ অনুষ্ঠেয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দশম সমাবর্তন স্থগিত করা হয়েছে। গতকাল সমাবর্তন কমিটির ঘটাব্যাপী বৈঠক শেষে এ ঘোষণা দেন রাবির উপাচার্য অধ্যাপক আন্দুস সোবহান। এ নিয়ে টানা ত্তীয়বারের মতো সমাবর্তন স্থগিত করা হলো।

রাবির উপাচার্য অধ্যাপক আন্দুস সোবহান বলেন, ‘সমাবর্তনে রাষ্ট্রপতির অনুপস্থিতিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্ব করার কথা ছিল। কিন্তু তিনি চোখের অপারেশন করাবেন বলে আমাকে জানান। এ কারণে জরুরি সিদ্ধান্তে সমাবর্তন স্থগিত করা হয়েছে।’

এর আগে ৩ ফেব্রুয়ারি রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তনে সভাপতিত্ব করবেন বলে জানায় রাবি প্রশাসন। তখন থেকেই নিবন্ধিত গ্র্যাজুয়েটরা এর বিরোধিতা করে আসছিলেন।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়তা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)